

প্রেস বিজ্ঞপ্তি

কৃষি উন্নয়নের জন্য ঋণদান একমাত্র পস্থা নয়
বিজ্ঞানের চর্চা নিয়ে আমরা এগুবো

-- কৃষিমন্ত্রী

ঢাকা, ০৪ কার্তিক ১৪২১, ১৯ অক্টোবর, ২০১৪


মাননীয় কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী বলেছেন, কৃষি উন্নয়নের জন্য ঋণদান একমাত্র পস্থা নয়, কৃষিতে উন্নত বিজ্ঞান ও প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে কৃষির উন্নয়নের জন্য সরকার কাজ করছে। তিনি বলেন, বিজ্ঞানের চর্চা নিয়ে আমরা এগুবো।

আজ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত “কৃষি এবং গবাদী পশু উন্নয়ন: ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠানের ভূমিকা উন্মোচন” শীর্ষক জাতীয় সম্মেলনে তিনি এসব কথা বলেন।

এ সময় তিনি আরো বলেন, বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির প্রধান চালিকা শক্তি হচ্ছে কৃষি। কৃষি খাতে উৎপাদন বহুগুণে বেড়েছে, যা জনশক্তি বৃদ্ধির হারের চেয়ে অনেক বেশি। শুধু কৃষি উৎপাদন বাড়েনি, বেড়েছে মৎস্য উৎপাদন, গবাদীপশু ও হাঁসমুরগীর সংখ্যা।

কৃষিমন্ত্রী বলেন, বেসরকারিভাবে যারা ক্ষুদ্রঋণ প্রদান করে তাদের নিয়ন্ত্রণে আনতে হবে। প্রয়োজনে বেসরকারিভাবে নিয়ন্ত্রণে ব্যবস্থা করতে হবে। কেউ নিয়ন্ত্রণের মধ্যে থাকবে, আবার কেউ বাইরে থাকবে এমন পরিস্থিতি যদি হয় তাহলে হযবরল অবস্থার সৃষ্টি হবে। বেসরকারি ক্ষুদ্রঋণ দানকারী প্রতিষ্ঠানের মাধ্যমে জঙ্গি অর্থায়ন হলে তার বিরুদ্ধে অবশ্যই ব্যবস্থা নেওয়া হবে।

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর চেয়ারম্যান কাজী ডঃ খলিকুজ্জামান এর সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে প্রবন্ধ পাঠ করেন পিকেএসএফ এর উপ-ব্যবস্থাপনা পরিচালক মোঃ গোলাম তৌহিদ। এছাড়া বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক এস এম মনিরুজ্জামান সহ এনজিও নেতৃবৃন্দ, উন্নয়ন সহযোগী এবং দারিদ্র বিমোচন কার্যক্রমে সম্পৃক্ত প্রতিষ্ঠানের প্রতিনিধি ও সুধীবৃন্দ উপস্থিত ছিলেন।

 ১৯.১০.১৪

বিবেকানন্দ রায়

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

মোবাঃ ০১৭১১-৮১৫৮৮১

ফোনঃ ৯৫১৪৭৭৬

E-mail-vivekroy07@yahoo.com